# নওয়াপাড়া পৌরসভা

অভয়নগর, যশোর।

স্মারক নং- নপৌ/প্রঃবিঃ/সাধাঃ-১/ইজারা-৮/ফা-০১/২০২৪/৬৩ তারিখ ঃ ০১/০২/২০২৪ইং।

## ১৪৩১ বাংলা সনের জন্য হাট-বাজার/সায়রাত মহল ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওয়াপাড়া পৌরসভার নিয়ন্ত্রনাধীন নিম্ন বর্নিত হাট-বাজার/সায়রাত মহল ও খেয়াঘাট সমূহের টোল আদায়ের লক্ষ্যে ১৪৩১ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত সর্ব সাধারণের (উল্লেখ্য যে, খেয়া ঘাট ইজারার ক্ষেত্রে ১ম তারিখে শুধুমাত্র "জন্মগত পেশাদার পাটনীগণের" নিকট থেকে সীলদর আহ্বান করা যাচ্ছে, জন্মগতপেশাদার পাটনী ১ম তারিখে ইজারা গ্রহণ না করলে ২য় তারিখ হতে সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে) নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সাথে দরদাতাকে উদ্ধৃত মূল্যের, ফেরী ও খেয়া ইত্যাদি ঘাট এর জন্য ২৫% এবং হাট-বাজার ও গণশৌচাগার এর জন্য ৩০% অর্থ (৫% অর্থ পরিস্কার পরিচ্ছন্নতার জামানত হিসেবে সংরক্ষিত থাকবে) তফশীলভূক্ত ব্যাংক থেকে মেয়র, নওয়াপাড়া পৌরসভা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/সিডি আকারে দাখিল করতে হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে পৌর কার্যালয় হতে জানা যাবে। দরপত্র সিডিউল নিম্ন বর্নিত তারিখ (প্রাপ্ত দর বিবেচিত না হলে পরবর্তী তারিখ কার্যকরী হবে) বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, যশোর, পুলিশ সুপার এর কার্যালয়, যশোর, উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর এর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), অভয়নগর,যশোর এর কার্যালয় এবং নওয়াপাড়া পৌরসভা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে/দাখিল করা যাবে এবং একই দিন বেলা ৩-০০ ঘটিকায় পৌর কার্যালয়ে উপস্থিত দরদাতাগনের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র সিডিউল পত্রিকায় প্রকাশের পরের দিন হতে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে উপরি উল্লেখিত কার্যালয় (পুলিশ সুপারের কার্যালয় ব্যতিত) সহ ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, নওয়াপাড়া শাখা, অভয়নগর, যশোর/ভারপ্রাপ্ত কর্মকর্তা, অভয়নগর থানা হতে নিম্ন বর্নিত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয়/সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। প্রকাশ থাকে যে, আগামী ২৫/০২/২০২৪ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় পৌর সভাকক্ষে ইজারা দরপত্র সংক্রান্ত বিষয়ে প্রি-বিড সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এই বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত, দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে পৌরসভা কার্যলয় থেকে ও নওয়াপাড়া পৌরসভার ওয়েবসাইট www.nowaparapourashava.gov.bd থেকে জানা যাবে।

বিবরণ

| ক্রং নং | হাট বাজার ও অন্যান্য মহলের বিবরণ | ইজারা মুল্য | সিডিউল মূল্য | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | চেঙ্গুটিয়া হাট(পাইকারী পান,শলা,উলু ও সুপারী ব্যতিত) | ৩২,৫১০/- | ৫০০ | ১ম বার ২৮/০২/২০২৪<br>২য় বার ১৫/০৩/২০২৪<br>৩য় বার ৩০/০৩/২০২৪ | ১ম বার ২৯/০২/২০২৪<br>২য় বার ১৬/০৩/২০২৪<br>৩য় বার ৩১/০৩/২০২৪ |
| ২. | চেঙ্গুটিয়া পাইকারী পান, শলা, উলু ও সুপারী হাট। | ৮৬,৬৪০/- | ৫০০ | | |
| ৩. | সিডল মিল গেট হাট। | ২,২৬,১৩৫/- | ১২০০ | | |
| ৪. | নওয়াপাড়া গরু হাট। | ৭,৬২,১৭৫/- | ২২০০ | | |
| ৫. | নওয়াপাড়া ছাগল-ভেড়া হাট। | ৪,৪০,৫১০/- | ১৬০০ | | |
| ৬. | নওয়াপাড়া হাঁস-মুরগী হাট (নুরবাগ ও নওয়াপাড়া মাছ বাজার)। | ১,৯২,৫৭০/- | ১০০০ | | |
| ৭. | নওয়াপাড়া মাছ-মাংশ হাট (পৌর এলাকার সকল পাইকারী মাছ বাজার সহ)। | ১১,১৬,১১০/- | ৩০০০ | | |
| ৮. | নওয়াপাড়া পান হাট (সপ্তায় ২ দিন, প্রতি শনিবার ও মোঙ্গলবার)। | ২০,২০০/- | ৫০০ | | |
| ৯. | নওয়াপাড়া নারিকেল , কলা ও অন্যান্য ফল হাট ( চরঘাট রাস্তা ও তহশিল অফিস সংলগ্ন )। | ৬,৪১,৩০০/- | ২০০০ | | |
| ১০. | নওয়াপাড়া হলুদ,গাছের চারা,বাঁশ,বেত,বীজ ও সুপারী হাট। | ১,৬৫,৩১০/- | ১০০০ | | |
| ১১. | নওয়াপাড়া চিড়া,মুড়ি,ডাল,আটা, রবিশস্য ও ঘূনি, চারো, টুবো এবং গুড় হাট। | ১,৪৪,৯০৫/- | ১০০০ | | |
| ১২. | নওয়াপাড়া কাঁচা বাজার ও আড়ৎদারী হাট( সুপারী হাট পর্যন্ত) এবং নূরবাগ নতুন কাঁচাবাজার ও মাছের হাট। | ১৬,৭৯,৯৬০/- | ৪০০০ | | |
| ১৩. | নওয়াপাড়া পাইকাড়ী,আড়ৎদারী ও চাটি চাউল হাট। | ৩,৩২,১৩৫/- | ১৪০০ | | |
| ১৪. | নূরবাগ কাঁচা বাজার সংলগ্ন গনশৌচাগার। | ৩১,১০০/- | ৫০০ | | |
| ১৫. | ট্রলার ঘাট সংলগ্ন পৌর গণশৌচাগার। | ৭০,০০০/- | ৫০০ | | |
| ১৬. | নওয়াপাড়া ধান হাট। | ৪,৮৬,৯০০/- | ১৬০০ | | |
| ১৭. | নওয়াপাড়া মনোহরী দোকা পত্র,তামা,কাসা,লোহালক্কড় হাট ও নতুন কাপড়,শাড়ি,লুঙ্গি,গামছা ও গার্মেন্টস হাট।। | ২,৪০,৮০০/- | ১২০০ | | |
| ১৮. | নওয়াপাড়া ডিম,শলা, কাতা ও মাটির বাসন হাট। | ৬৭,১৩৫/- | ৫০০ | | |
| ১৯. | কার্পেটিং হাট। | ৪২,০৭৫/- | ৫০০ | | |
| ২০. | বেঙ্গল মিল গেট হাট। | ৩০,২৫০/- | ৫০০ | | |
| ২১. | পৌর এলাকার বিভিন্ন জায়গায় ট্রাক লোড/আনলোড এর পার্কিং | | ১৬০০ | | |

| ক্রং | হাট বাজার ও অন্যান্য মহলের বিবরণ | ইজারা মুল্য | সিডিউল মূল্য | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ২৪. | তালতলা খেয়া ঘাট | ৪০,৭০০/- | ৫০০ | ১ম বার ২৭/০২/২০২৪ | ১ম বার ২৮/০২/২০২৪ |
| ২৫. | নওয়াপাড়া বাজার খেয়া ঘাট। | ৯,৪৬,০০০/- | ২৬০০ | ২য় বার ১৫/০৩/২০২৪ | ২য় বার ১৬/০৩/২০২৪ |
| ২৬. | নওয়াপাড়া পাথরঘাট শংকরপাশা ফেরী ঘাট। | ৮০৩০০/- | ৫০০ | ৩য় বার ৩০/০৩/২০২৪ | ৩য় বার ৩১/০৩/২০২৪ |
| ২৭. | বেঙ্গল মিল খেয়া ঘাট | ২৭,৫০০/- | ৫০০ | | |

০১-০২/০২/২৪
(সুশান্ত কুমার দাস)
মেয়র
নওয়াপাড়া পৌরসভা
অভয়নগর,যশোর।

স্মারক নং- নপৌ/প্রঃবিঃ/সাধাঃ-১/ইজারা-৮/ফা-০১/২০২৪/৬৩(১০০) তারিখ ঃ ০১/০২/২০২৪ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, যশোর।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।
০৫। পুলিশ সুপার, যশোর।
০৬। মেয়র, যশোর/কেশবপুর/বেনাপোল পৌরসভা, যশোর।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), যশোর।
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
০৯। মেয়র, মনিরামপুর/ঝিকরগাছা/চৌগাছা/বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০। নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ, যশোর।
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অভয়নগর,যশোর।
১২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, যশোর।
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
১৪। সহকারী কমিশনার (ভূমি), অভয়নগর,যশোর।
১৫। নির্বাহী প্রকৌশলী, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
১৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, অভয়নগর থানা, অভয়নগর,যশোর।
১৭। সাব-রেজিস্টার, অভয়নগর, যশোর।
১৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, নওয়াপাড়া শাখা, অভয়নগর,যশোর।
১৯। জনাব------------------------------------------কাউন্সিলর, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর,যশোর।
২০। উপজেলা---------------------------------------------কর্মকর্তা, অভয়নগর,যশোর।
২১। চেয়ারম্যান, ---------------------------------------------ই উ পি, অভয়নগর,যশোর।
২২। সম্পাদক, ----------------------------------------------------------------------------কে বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে ০১(এক) দিনের জন্য আপনার পত্রিকায় প্রকাশের নিমিত্ত অনুরোধ জানানো হলো।
২৩। সভাপতি / সম্পাদক, নওয়াপাড়া প্রেস ক্লাব, অভয়নগর, যশোর।
২৪। সভাপতি / সম্পাদক, নওয়াপাড়া বাজার কমিটি, অভয়নগর,যশোর।
২৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর,যশোর।
২৬। নিম্নমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর-কে নির্দ্ধারিত তারিখের পুর্বে বিজ্ঞপ্তিটি ০১(এক) দিনের জন্য মাইক ও ঢোল সহরত এর মাধ্যমে শহরে ব্যপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২৭। জনাব ........................................................... ইজারাদার/প্রাক্তন ইজারাদার/দরদাতা, নওয়াপাড়া অভয়নগর, যশোর।
২৮। নোটিশ বোর্ড।
২৯। সংশ্লিষ্ট নথী।

# নওয়াপাড়া পৌরসভা

অভয়নগর, যশোর।

## ১৪৩১ বাংলা সনের জন্য হাট-বাজার/সায়রাত মহলা ইজারা বিজ্ঞপ্তি'র

## শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩১ সালের ১ বৈশাখ হতে ১৪৩০ বাং সনের ৩০ চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার/সায়রাত মহল ইজারা দেয়া হবে।

০২। হাট-বাজার ও গনশৌচাগার এর দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) এবং ঘাট সমূহ ও ট্রাক লোড/আনলোড ফিস এর জন্য ২৫% অর্থ জামানত এর অর্থ যে কোন তফশলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে মেয়র, নওয়াপাড়া পৌরসভর অনুকুলে জমা দিতে হবে, অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত হাট-বাজার ও গনশৌচাগার এর ক্ষেত্রে দরদাতা কর্তৃক জমাকৃত ৩০% অর্থ থেকে পরিস্কার পরিচ্ছন্নতার জন্য ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে এবং অবশ্লিষ্ট ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমম্বয় করা হইবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার/গনশৌচাগার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যায়ীত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩। হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ধৃত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০২৩ এর শর্ত মোতাবেক দরপত্র দাতা জন্মগত পেশাদার পাটনী হলে দরপত্র ফরম (সিডিলের) এর সাথে "জন্মগত পেশাদার পাটনী" সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক সদ্য স্বাক্ষরীত প্রত্যয়ন পত্র (হালনাগাদ) ও সদ্যতোলা ০১কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংযুক্ত সহ জাতীয় পরিচয়পত্রের (এন.আই.ডি) সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৪। খেয়া নৌকা/ইঞ্জিন চালিত নৌকা যোগে যাত্রীদের পারাপারের সু-ব্যবস্থার জন্য ইজারাদার নিজ খরচে প্রয়োজনীয় সংখ্যক অভিজ্ঞ মাঝি নিয়োগ করবেন এবং যাত্রীদের চলাচলের জন্য মানসম্পন্ন উপর্যুক্ত নৌ-যান সরবরাহ সহ যাত্রীদের উঠানামার জন্য ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন। ইজারাদার নিজ খরচে খেয়াঘাট সংশ্লিষ্ট এলাকা পরিস্কার পরিচ্ছন্ন করবেন।

০৫। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্রের সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হইবে, অন্যথায় দরপত্রের সাথে জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পুর্বক পুনঃরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৬। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুণরায় দরপত্র আহবান করা হইবে।

০৭। পৌর এলাকার বিভিন্ন জায়গায় ট্রাক লোড/আনলোড এর পার্কিং ফিস আদায় এর ক্ষেত্রে কেবলমাত্র পৌর এলাকায় কোন ট্রাক লোড-আনলোড হলে প্রতি ট্রাকে ৪০ (চল্লিশ) টাকা হিসেবে লোড/আনলোড ফিস আদায় করিতে হইবে এবং কোন অবস্থায় পৌর এলাকার বাইরে ট্রাক লোড-আনলোড হলে সে সকল ট্রাক থেকে কোনরূপ ফিস আদায় করা যাইবে না।

০৮। এক হাট-বাজর/গণশৌচাগার/ঘাট/ট্রাক লোড-আনালোড সমূহের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজর/গণশৌচাগার/ঘাট/ ট্রাক লোড-আনালোড সমূহের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহনের দিন কোন সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজর/গণশৌচাগার/ঘাট/ ট্রাক লোড-আনালোড এর দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

০৯। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও সংশ্লিষ্ঠ হাট-বাজার/গণশৌচাগার/ ঘাট/ ট্রাক লোড-আনালোড এর নাম স্পষ্টাভাবে উল্লেখ করিতে হইবে।

১০। সরকার অনুমোদিত টোল রেইট অদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

১১। প্রত্যেক হাট-বাজার/গণশৌচাগার/ ঘাট/ ট্রাক লোড-আনালোড এর জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১২। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার/গণশৌচাগার/ ঘাট/ ট্রাক লোড-আনালোড অন্যের নিকট সাবলীজ দিতে পারিবেন না।

১৩। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১৪। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৫। ইজারাদার নিজ খরচে হাট-বাজার/গণশৌচাগার পরিস্কার পরিচ্ছন্ন রাখিবেন।

১৮। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার/গণশৌচাগার/ ঘাট/ ট্রাক লোড-আনালোড ইজারা অনুমোদিত না হইলে ইজারা

বাতিল বলে গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৯। হাট-বাজার/গণশৌচাগার/ ঘাট/ ট্রাক লোড-আনালোড এর ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

২০। হাট-বাজার/গণশৌচাগার/ ঘাট/ ট্রাক লোড-আনালোড এর ইজারা প্রদান ও পরিচালনায় প্রযোজ্য যে সকল শর্ত দরপত্র বিজ্ঞপ্তিতে বর্নিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ ও পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। খেয়াঘাটের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও যানবাহন এবং যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশও ইজারাদারকে মেনে চলতে হবে। প্রাকৃতিক দূর্যোগ বা মহামারির কারণে সরকারি আদেশ বা প্রাকৃতিকভাবে বন্ধ থাকলে বন্ধ থাকাকালীন সময়ের জন্য ক্ষতিপূরণ বাবদ কোন অর্থ ইজারাদার দাবী করতে পারবেন না।

২১। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

২২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করিবেন।

২৩। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল আইন-কানুন দরপত্রদাতাকে মানিয়া চলিতে হইবে।

০১/০২/২৪

(সুশান্ত কুমার দাস)
মেয়র
নওয়াপাড়া পৌরসভা
অভয়নগর, যশোর।